**বিজ্ঞাপন প্রকাশ**

শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# এই যুগ

EI YUG

**ADVERTISMENT**

TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.

EI YUG ✹ HOWRAH ✹ DAILY ✹ VOLUME-4 ✹ ISSUE-395 ✹ 12 SEPTEMBER 2024 , THURSDAY ✹ R.N.I REGISTRATION NO : WBBEN/2020/81746 ✹ PAGE-4 ✹ PRICE: 2/-

## উত্তরপ্রদেশে সেমিকন ইন্ডিয়া সম্মেলনে প্রধানমন্ত্রী



বিশেষ সংবাদদাতা ,এই যুগ , উওর প্রদেশ , ১১ সেপ্টেম্বর : বুধবার থেকে শুরু হল উত্তরপ্রদেশে সেমিকন ইন্ডিয়া ২০২৪ সম্মেলন। এই সম্মেলনের উদ্বোধন করতে এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন " এটাই ভারতে থাকার সঠিক সময়। আপনারা সঠিক সময় ও সঠিক স্থানে রয়েছেন। একবিংশ শতাব্দীতে চিপ নিয়ে সমস্যা হবে না। আজকের ভারত বিশ্বকে এটা বিশ্বাস করাতে পেরেছে যদি চিপের সংকট দেখা দেয় আপনারা ভারতের উপরে নির্ভর করতে পারেন"। দেশের ইলেকট্রনিক্স ক্ষেত্র এখন ১৫০ বিলিয়ন মার্কিন ডলারের। কিন্তু প্রধানমন্ত্রী লক্ষ্য এই দশকের শেষেই সেটা ৫০০ বিলিয়ন মার্কিন ডলার করার। " আমরা ৮৫ হাজার প্রযুক্তিবিদ, ইঞ্জিনিয়ার এবং গবেষণা উন্নয়ন বিশেষজ্ঞদের একটি কর্মী বাহিনী প্রস্তুত করছি। ভারতের ফোকাস রয়েছে তার পড়ুয়া এবং পেশাদারদের সেমিকন্ডাক্টর শিল্পের জন্য প্রস্তুত করা "। এদিনের এই অনুষ্ঠানে এসে প্রধানমন্ত্রী একথাও বলে গেলেন। এই অনুষ্ঠানে ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন " এখনো পর্যন্ত ডিজিটাল ইন্ডিয়া মিশন বা টেলিকম মিশনের মত পদক্ষেপ এর মাধ্যমে প্রযুক্তি পৌঁছে গেছে নাগরিকদের হাতে। এর ফলে দেশে সেমিকন্ডাক্টর শিল্পের উন্নতি হয়েছে প্রভূত"।চলতি বছরে সেমিকন ইন্ডিয়া ২০২৪ ইভেন্টের থিম হল 'শেপিং দ্যা সেমিকন্ডাক্টর ফিউচার'। তিন দিনের এই সম্মেলনটি সেমিকন্ডাক্টর কৌশল এবং নীতি প্রদর্শনের জন্য সেট করা হয়েছে যা দেশকে সেমিকন্ডাক্টর গুলির জন্য একটি বিশ্বব্যাপী কেন্দ্র করে তোলার পরিকল্পনা আছে।

## ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা গায়েব বর্ধমান পৌরসভার




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,বর্ধমান , ১১ সেপ্টেম্বর : বর্ধমান পুরসভার অ্যাকাউন্ট থেকে গায়েব হয়ে গেল প্রায় দেড় কোটি টাকা। ফলে কার্যত মাথায় হাত পড়ে গিয়েছে বর্ধমান পুরসভা কর্তৃপক্ষের। এই বিষয়ে পুরসভার পক্ষ থেকে রবিবার বর্ধমান থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।পুরসভার পাশেই একটি রাষ্টায়ত্ত ব্যাঙ্কের শাখায় বর্ধমান পুরসভার অ্যাকাউন্ট রয়েছে। রবিবার পুরসভা কর্তৃপক্ষ জানতে পারে , তাদের অ্যাকাউন্ট থেকে শনিবার ১ কোটি ৪৩ লক্ষ টাকা তোলা হয়েছে। এ বিষয়ে ঐ ব্যাঙ্কের ম্যানেজার বলেন , “আমাদের শাখাতেই পুরসভার অ্যাকাউন্ট আছে। গোটা বিষয়টি হয়েছে মুম্বাই থেকে। তার তদন্ত ইতিমধ্যেই শুরু হয়েছে। মনে করা হচ্ছে ক্লোন করে টাকা তোলা হয়েছে। “ প্রসঙ্গত উল্লেখ্য এর আগে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্ট থেকেও কয়েক কোটি টাকা তুলে নেওয়া হয়। সেই ঘটনার তদন্ত এখনও চলছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে , “যে দুটি চেক ব্যবহার করে টাকা তুলে নেওয়া হয়েছে সেই চেক দুটি পুরসভাতেই আছে। অথচ অ্যাকাউন্ট থেকে টাকা উঠে গেছে"। বর্ধমান পুরসভার চেয়ারম্যান জানান ,“আমরা থানায় অভিযোগ করেছি। পুলিশ তদন্ত করছে।"এবিষয়ে সতকর্তা অবলম্বন করতে জরুরি বৈঠক করেছে বর্ধমান পুরসভা।

## রাজধানী এক্সপ্রেসের থেকেও কম সময়ে গয়া পৌঁছবে বন্দে ভারত এক্সপ্রেস



বেবি চক্রবর্ত্তী , এই যুগ , হাওড়া , ১১ সেপ্টেম্বর : আগামী ১৫ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হাওড়া-গয়া সহ একাধিক বন্দে ভারতের উদ্বোধন করবেন। আসানসোল-দুর্গাপুর হয়ে চলবে হাওড়া-গয়া বন্দে ভারত। হাওড়া-গয়া বন্দে ভারত (22303) হাওড়া- সকাল ৬:৫০ মিনিটে ছেড়ে গয়া পৌঁছবে- দুপুর ১২:৩০ মিনিটে , পাশাপাশি গয়া-হাওড়া বন্দে ভারত (22304) দুপুর ৩:১৫ মিনিটে ছেড়ে হাওড়া পৌঁছবে- রাত ৯:০৫ মিনিটে। হাওড়া থেকে গয়া পৌঁছতে বন্দে ভারত এক্সপ্রেসের সময় লাগবে ৫ ঘণ্টা ৪০ মিনিট , অর্থাৎ রাজধানী এক্সপ্রেসের থেকে ১মিনিট কম। বন্দে ভারত উদ্বোধন পর এই রুটে আরও একটি ট্রেন যুক্ত হবে। তিনটি ট্রেনই চলবে সকালে। ব্ল্যাক ডায়মন্ড সপ্তাহে প্রত্যেক দিনই চলে। অন্যদিকে শতাব্দী এক্সপ্রেস রবিবার ছাড়া সপ্তাহে ছয় দিন চলে। অন্যদিকে বন্দে ভারত এক্সপ্রেসও সপ্তাহে ছয়দিন চালানো হবে , বৃহস্পতিবার চলাচল করবে নাবন্দে ভারত এক্সপ্রেস। গত কয়েকদিন ধরেই বাংলা নতুন একটি বন্দেভারত পেতে পারে বলে জোর চর্চা চলছিল। আর সেই জল্পনা সত্যি করেই গয়া এবং হাওড়ার মধ্যে নয়া একটি বন্দে ভারত চলবে। যদিও এই বিষয়ে পূর্ব রেলের তরফে কিছু জানানো হয়নি।-ফাইল চিত্র।

## শিলিগুড়িতে তৃণমূল কে কটাক্ষ বিজেপি মুখপাত্র শমীক ভট্টাচার্যের



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ১১ সেপ্টেম্বর : রাজ্য বিজেপির মূখপাত্র শমীক ভট্টাচার্য বুধবার শিলিগুড়িতে সাংবাদিক সম্মেলন করে বলেন তৃণমূলের শেষের দিন আর খুব বেশী দূরে নয়। এদিন সাংবাদিক সম্মেলনে রাজ্যের শাসক দল তৃণমূলের বিরুদ্ধে রীতিমতো বিষোদগার করেন তিনি। তিনি বলেন উত্তরবঙ্গকে পিছিয়ে রাখার একটা সুপরিকল্পিত চক্রান্ত দীর্ঘদিন ধরে চলছে। যার শুরু হয়েছিলো বাম আমলে এবং তৃণমূল শাসনেও তা বহাল আছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় এসে ঘোষনা করেন উত্তরবঙ্গের মানুষকে আর কলকাতায় যেতে হবেনা। শিলিগুড়িতে হবে মিনি সচিবালয়। মিনি সচিবালয়ের জন্য উত্তরকন্যা তৈরি হলেও পরিপূর্ণ ভাবে মিনি সসচিবালয়ের পরিকাঠামো চালু করা সম্ভব হয়নি। উত্তরবঙ্গের উন্নয়নের জন্য রাজ্য বাজেটে যে অর্থ বরাদ্দ করা হয় তা খুব সামান্য আর সেই বরাদ্দের একুশ থেকে চব্বিশ ভাগ টাকা খরচ হয়। শিল্পায়নে পিছিয়ে আছে উত্তরবঙ্গ। মোটা টাকার বিনিময়ে শাসক দলের ঘনিষ্ঠ ব্যবসায়ীদের পাইয়ে দেওয়া হচ্ছে সরকারি জমি।উদাহরণ হিসাবে তিনি বলেন গাজলডোবায় সরকারি জমিতে ফ্ল্যাট তৈরি হচ্ছে , বৈকুন্ঠপুরে বন দপ্তরের জমিতে তৈরি হচ্ছে বেসরকারি রিসর্ট। এগুলো প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করছে। আর জি করে তরুণী চিকিৎসক কে ধর্ষন করে খুন করা হয়েছে যার বিরুদ্ধে রাজ্য জুড়ে চলছে আন্দোলন। জুনিয়র ডাক্তাররা আন্দোলন করছেন। এসব আন্দোলনে বিজেপির নৈতিক সমর্থন আছে। কিন্তু রাজ্যের শাসক দল সেই আন্দোলনকে যেন তেন প্রকারে ভাঙ্গতে বদ্ধপরিকর কারন তারা বুঝে গেছে তাদের শেষের দিন আর খুব বেশী দূরে নয়। উত্তরবঙ্গে এসব কারনেই পৃথক রাজ্যের দাবি বারবার উঠছে। উত্তরবঙ্গ বাসীকে এসবের বিরুদ্ধে গর্জে উঠার আবেদন জানান শমীক ভট্টাচার্য।

# জেলার কথা

## মদের দোকানের প্রহরীকে আটকে রেখে মদ লুট ফালাকাটায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ সেপ্টেম্বর : ফালাকাটা কলেজপাড়া এলাকার লাইসেন্স প্রাপ্ত মদের দোকানের প্রহরীকে আটকে রেখে মদ লুট করে নিয়ে গেল দুষ্কৃতীরা। মধ্যরাতের এই ঘটনায় পুলিশ তিন জনকে গ্রেপ্তার করেছে। লুট হওয়া মদও উদ্ধার করেছে পুলিশ।জানা গিয়েছে , মঙ্গলবার রাতে দুষ্কৃতীর একটি দল মদের দোকানের রাত প্রহরীর টিনের দরজা ঠেলে ভেতরে ঢোকে। তার পর প্রহরীকে ভয় দেখিয়ে আটকে রেখে মদের দোকানের তালা ভেঙ্গে দোকানে ঢোকে দুষ্কৃতীরা। প্রায় ১১৬ কার্টুন বিদেশি মদ একটি গাড়িতে করে নিয়ে চম্পট দেয়। এর পর টহলরত পুলিশ ভ্যানকে দেখে পুলিশে ওই ঘটনায় জানায় প্রহরী। রাতেই ফালাকাটার গুয়াবরনগর গ্রাম পঞ্চায়েতের জয়চাঁদপুর পাকড়িতলা এলাকা থেকে মদের পেটি বোঝাই পিক আপ ভ্যান আটক করে পুলিশ। এরপর একটি পরিতক্ত টিনের ঘরের ভেতর থেকে উদ্ধার করে সেই মদের পেটিগুলো ।এই ঘটনায় তিন জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দাস বলেন , " উদ্ধার হওয়া মদের আনুমানিক বাজার মূল্য ৯ লক্ষ টাকা। আমরা এই ঘটনায় তিন জনকে গ্রেপ্তার করেছি। আদালতে তুললে বিচারক তাদের ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন। গ্রেপ্তার তিন জনের এক জন ফালাকাটার বাসিন্দা। অন্য দুই জন জলপাইগুড়ির বাসিন্দা।"

## উদ্ধার ছয়টি চোরাই ব্যাটারি ,গ্রেপ্তার এক




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , মুর্শিদাবাদ , ১১ সেপ্টেম্বর: মুর্শিদাবাদ জেলা পুলিশের নবগ্রাম থানার পুলিশ মঙ্গলবার রাতে সন্দেহভাজন এক ব্যক্তিকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পুলিশ ছয়টি চোরাই ব্যাটারি উদ্ধার করে। ব্যাটারি গুলি বিভিন্ন সময় এলাকার বিভিন্ন জায়গা থেকে চুরি হয়। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে থানায় মামলা রুজু করে আদালতে পেশ করে।

# মেখলিগঞ্জে নাবালিকা ধর্ষণে অভিযুক্ত বিজেপি আশ্রিত দুষ্কৃতির ফাঁসির দাবিতে তৃণমূলের মিছিল




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১১ সেপ্টেম্বর : তিলোত্তমার ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং কোচবিহার জেলার মেখলিগঞ্জে তেরো বছরের নাবালিকাকে ধর্ষণে অভিযুক্ত বিজেপি আশ্রিত দুষ্কৃতির ফাঁসির দাবিতে বুধবার মাথাভাঙ্গায় মহামিছিল করলো তৃণমূল। কোচবিহার জেলা তৃণমূলের উদ্যোগে আয়োজিত এই মহামিছিলে নেতৃত্ব দেন দলের জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক।

# স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক শিকাগো বক্তৃতা স্মরণে শোভাযাত্রা



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , কলকাতা ,১১ সেপ্টেম্বর : ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর শিকাগো বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণ ভারতবর্ষকে দিয়েছিল ভাতৃত্ববোধের নতুন প্রেরণা। সেই যুগান্তকারী ঘটনাকে স্মরণ করে বিবেকানন্দ ভাব সমন্বয় কেন্দ্র শাশ্বত নির্ভীক পথিক পরিচালনায় বুধবার দক্ষিণ কলকাতার চেতলা পার্কে স্বামীজীর মূর্তির পাদদেশে এক যুব সমাবেশের আয়োজন করা হয়।রামকৃষ্ণ মিশন ২৬ বছর ধরে এই দিনটিকে বিশ্ব ভ্রাতৃত্ব দিবস হিসাবে পালন করে আসছে। এই উপলক্ষে রামকৃষ্ণ মিশনের তরফ থেকে এক বিশাল শোভাযাত্রার আয়োজন করা হয়। দক্ষিণ কলকাতার চেতলা পার্কে স্বামীজীর মূর্তির পাদদেশ থেকে রওনা দিয়ে এই শোভাযাত্রা অদ্বৈত আশ্রম সেবা প্রতিষ্ঠান , সারদা মিশন , মেট্রোপলিটন ইনস্টিটিউশন , কথামৃত ভবন , স্বামীজীর বাড়ি , বলরাম মন্দির , তার স্কুল / বাড়ি, মায়ের বাড়ি, উদ্যানবাটি, বরাহনগর মিশন ও মঠ সহ রামকৃষ্ণ বিবেকানন্দের স্মৃতিধন্য কলকাতার বিভিন্ন স্থান স্পর্শ করে দক্ষিণেশ্বরের আদ্যাপীঠ মন্দিরের সমাপ্ত হয়। চেতলা পার্কের স্বামীজীর মূর্তির পাদদেশ থেকে বর্ণাঢ্য শোভাযাত্রার শুভ সূচনা করেন এদিন রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার গোলপার্কের স্বামী ইষ্টব্রতানন্দজী মহারাজ। তিনি বলেন " হিন্দু ধর্ম সকল ধর্মের জননী , হিন্দু ধর্ম সকল ধর্মকে স্বীকার করে। ধর্ম মানে জাতির উন্নতি প্রগতি। নিবেদিতা শুধু ইংরেজ শাসনের বিরুদ্ধে লড়াই শুধু তাই নয় স্বতন্ত্র স্বাধীনতার জন্য ছিল তাঁর লড়াই।" শোভাযাত্রার শুভ উদ্বোধনের পর স্বামী ইষ্টব্রতানন্দজী মহারাজ এই দিনটির গুরুত্ব সহ স্বামীজীর বিভিন্ন ভাবধারার কথা অত্যন্ত প্রাঞ্জল ভাষায় বুঝিয়ে দেন। পরে রামকৃষ্ণ মিশনের তরফ থেকে আদ্যাপীঠ মন্দিরের নাট মন্দিরে একটি ধর্ম সমাবেশের আয়োজন করা হয়। এই ধর্ম সমাবেশে দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠের সম্পাদক ব্রহ্মচারী মুরালভাই এবং বেলুড় মঠ রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী নিষ্ঠানন্দজী মহারাজ বক্তব্য পেশ করেন।এদিনের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মঠ ও মিশনের সন্ন্যাসী বৃন্দ।এছাড়াও শেষে আদ্যাপীঠেও জনসমাবেশ আয়োজন করা হয়েছিল। আদ্যাপীঠে এদিন বেলুড় মঠের স্বামী নিষ্ঠানন্দ মহারাজ এর স্বামীজির ওপর মূল্যবান বক্তব্য রাখেন। ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর স্বামী বিবেকানন্দ আমেরিকার শিকাগো শহরে বজ্রকঠিন কণ্ঠে সেই দিন বিশ্ববাসীকে জানিয়ে দিলেন.... ভারতবর্ষ শুধু হাত পেতে বেঁচে থাকবে না , নিজের শক্তিতে বিশ্বকে দেবে নতুন নতুন মন্ত্র। তিনি সেদিন বিশ্বমানবকে " বোন ও ভাই বলে সম্বোধন করে বিশ্বভ্রতৃত্বের সূচনা করেছিলেন --- সেটা আজকের হিংসায় জীর্ণ পৃথিবীতে সব থেকে প্রাসঙ্গিক হয়ে উঠেছে।

## রাধানগরে ক্ষণিকের ঝড়ে অবরুদ্ধ রাজ্য সড়ক



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১১ সেপ্টেম্বর : বুধবার কুমারগ্রাম ব্লকের রাধানগর এলাকায় ঝড়ের দাপটে রাজ্য সড়কের উপর ভেঙে পড়ল বিশালাকার একটি গাছ। যার ফলে অবরুদ্ধ হয়ে পড়ে রাজ্য সড়ক। গাছটি সরানোর পর সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক হয়। জানা গিয়েছে , এদিন দুপুরের ঝড়ে দাপটে রাধানগর এলাকায় কুমারগ্রাম-জোড়াই রাজ্য সড়কের পাশে থাকা ওই গাছটি ভেঙে পড়ে। রাজ্য সড়ক পুরোপুরি অবরুদ্ধ হয়ে যায়। বন্ধ থাকে যান চলাচল। যার ফলে চরম দুর্ভোগে পড়তে হয় সাধারণ মানুষকে। অবশেষে স্থানীয়রা গাছটি কেটে সরিয়ে দেন। গাছ পড়ে সড়ক অবরুদ্ধ হওয়ার খবর পেয়ে ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। বন বিভাগের ভল্কা রেঞ্জের আধিকারিক-কর্মীরাও ঘটনাস্থলে আসেন। এই ঘটনায় কোনও ক্ষয়ক্ষতি হয়নি বলে স্থানীয় সূত্রে জানা গিয়েছে।

# তল্লাশীতে উদ্ধার এক কেজি হেরোইন ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ , ১১ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের রানীতলা থানার পুলিশ বি এস এফ কর্তৃপক্ষের থেকে পাওয়া গোপন খবরের ভিত্তিতে মঙ্গলবার রাতে থানা এলাকার নাজিরচকে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় এক কেজি হেরোইন। গ্রেপ্তার করা হয় আটক ব্যক্তিকে ও তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাকে আদালতে পেশ করা হয়। পুলিশ তদন্ত শুরু করেছে।

# কুমারগ্রাম রেঞ্জ অফিসে উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চের বিক্ষোভ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ সেপ্টেম্বর : বনাধিকার আইন সঠিকভাবে রূপায়ণের দাবিতে বুধবার কুমারগ্রামে বন বিভাগের কুমারগ্রাম রেঞ্জ অফিসে বিক্ষোভ কর্মসূচি করল উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চ। কুমারগ্রাম রেঞ্জের ভারপ্রাপ্ত রেঞ্জ অফিসারকে সংগঠনের পক্ষ থেকে একটি দাবিপত্রও তুলে দেওয়া হয়েছে। রেঞ্জের অন্তর্গত নিউল্যান্ডস , কুমারগ্রাম , সংকোশ - এই ৩টি বনবস্তির বাসিন্দারা এদিনের ওই বিক্ষোভ কর্মসূচিতে উপস্থিত ছিলেন। বনাধিকার আইন-২০০৬ সঠিকভাবে রূপায়ণের দাবিতে এদিন সরব হন সংগঠনের সদস্যরা। রেঞ্জ অফিসের সামনে চলে বিক্ষোভ। এরপর ভারপ্রাপ্ত রেঞ্জ অফিসারের সঙ্গে আলোচনা করে সংগঠনের প্রতিনিধিদল দাবিপত্র তুলে দেয়। বনাধিকার আইন সঠিকভাবে রূপায়ণ ছাড়াও স্থানীয় ৯টি দাবি জানানো হয় সংগঠনের পক্ষ থেকে। ওই কর্মসূচিতে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চের কনভেনর লালসিং ভুজেল , কো-কনভেনর আননকুমার ওরাওঁ সহ অন্যান্যরা। বন বিভাগের তরফে জানানো হয়েছে , দাবিপত্রটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে।




12 SEPTEMBER 2024 ,
বৃহস্পতিবার

## লেখা প্রকাশ

নিজস্ব লেখা কবিতা/গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

## প্রহর

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ)

সকাল-বেলা চায়ের আড্ডা চললো অনেকক্ষণ ,
চায়ের কাপের পর কাপ শেষ হয়েই চলেছে ,
সবাই বকছে , বকবক করছে ,
সকাল থেকেই চলছে পাগলের প্রলাপ।
ভেসে আসে সংলাপ ,
অবহেলায় অবগুন্ঠনে মিথ্যাচার ,
চারিদিকে মাথা চাড়া দেয় ,
তবু যে হতে হয় ,
সত্যের সম্মুখীন ,
বেমালুম বাজিয়ে চলে ভুল সুর ,
বাজিয়ে চলে ,
তাইতো হাসির পাত্র হয় ,
থাকে না তার কোন সম্মান ,
সঠিককে বাঁচানোর অন্বেষণে ,
থাকে না তার কোন দায়।
পাহাড়-প্রতিম অভিমান ,
সব যেন বক্র-পথে বিদ্যমান ,
চলছে শুধু প্রহসন , মন মানেনা ,
কে কার দায়ভার নেয় ,
মনটাই যেন শুধুই ঠকে যায়।
চার-প্রহর শেষ যে হল হেসে ,
সন্ধ্যা নামুক অচিন-বেলা শেষে।।

* * * * * *

## থানা এলাকার অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া মহিলাদের সেলাই প্রশিক্ষন কেন্দ্রের উদ্বোধন




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মালদহ , ১১ সেপ্টেম্বর : মালদহ জেলা পুলিশের হবিবপুর থানায় উদ্বোধন হলো একটি সেলাইও দর্জি প্রশিক্ষন কেন্দ্রের। কেন্দ্রটির উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব। উপস্থিত ছিলেন হবিবপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। জেলা পুলিশ সুপার জানান এই কেন্দ্রে থানা এলাকার অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া পঁচিশ জন মহিলাকে সেলাই ও দর্জির কাজের ছয় মাসের প্রশিক্ষন দেওয়া হবে। প্রশিক্ষন শেষে তাদের হাতে তুলে দেওয়া হবে শংসাপত্র। উদ্দেশ্য মহিলাদের মূল্যবান পেশাগত দক্ষতা প্রদান করে তাদের অর্থনৈতিক স্বনির্ভরতা ও উন্নয়নে সহায়তা করা।

## দুর্নীতির অভিযোগ সারা ভারত কৃষক সভার অবস্থান বিক্ষোভ



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১১ সেপ্টেম্বর : যশোডাঙ্গা ব্লক অফিসের সামনে সারা ভারত কৃষক সভার পক্ষ থেকে আর জি কর হাসপাতাল এবং মেডিকেল কলেজে কর্তব্যরত চিকিৎসককে খুন ও ধর্ষণের প্রতিবাদে অবস্থান বিক্ষোভ করলেন নেতৃত্বরা বুধবার দুপুরে। আর সেই অবস্থান বিক্ষোভ থেকেই ব্লক প্রশাসনকে চরম হুমকি দিলেন সিটু নেতৃত্ব এদিন বেলা ১টা নাগাদ ব্লক অফিসের সামনে অবস্থান-বিক্ষোভে চলে।ঘন্টা দুয়েক অবস্থান বিক্ষোভের পর যশোডাঙ্গা বাজার এলাকায় একটি প্রতিবাদ মিছিল বের করেন তারা। এরপর প্রতিবাদ মিছিলটি ব্লক অফিসের ভিতরে ঢুকে স্লোগান দিতে থাকে দীর্ঘক্ষণ ধরে। ব্লক প্রশাসনের কাছে তারা একটি স্মারকলিপি পেশ করেন আর জি করের ঘটনা নিয়ে। ঘন্টা দুয়েক ধরে অবস্থান বিক্ষোভ চলাকালীন একের পর এক দুর্নীতির অভিযোগ তুলে ধরেন নেতৃত্বরা। সিটুর তরফে অভিযোগ বর্তমান সময়কালে ব্লক প্রশাসনের বিরুদ্ধে টেন্ডার নিয়ে দুর্নীতির অভিযোগ তোলেন। অভিযোগ তুলেন ব্লক প্রশাসন থেকে দেওয়া পাঁচটি ষ্টল বন্টন নিয়েও। কোহিনুর চা বাগানে প্রকৃত চা শ্রমিকদের বাদ দিয়ে অন্যান্যদের চা সুন্দরী প্রকল্পের সুবিধা দেওয়া হয়েছে এমনটাও অভিযোগ উঠে আসে তার মুখ থেকে। সমস্ত চা শ্রমিকদের চা সুন্দরী প্রকল্পের সুবিধার জন্য তারা বৃহত্তর আন্দোলনে নামার হুমকিও দেন।

## ট্রেন চালকের তৎপরতায় দুর্ঘটনা থেকে রক্ষা পেল এক দল বুনো হাতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১১ সেপ্টেম্বর : ট্রেন চালকের তৎপরতায় দুর্ঘটনা থেকে রক্ষা পেল এক দল বুনো হাতি। আলিপুরদুয়ার জেলার হাসিমারা ও মাদারিহাটের মাঝে রেললাইনে একদল বুনো হাতি দেখতে পেয়ে ডাউন ধুবড়ী শিলিগুড়ি ই'ন্টারসিটি এক্সপ্রেসের লোকোপাইলট ব্রেক কষে ট্রেন দাঁড় করিয়ে দেয় রেল লাইনে। ছোটো বড় মিলিয়ে প্রায় পাঁচটি হাতি ছিল। কিছুক্ষণ ট্রেন দাড়িয়ে ছিল পরবর্তীতে হাতির দল জঙ্গলে প্রবেশ করলে ট্রেন পুনরায় চলতে শুরু করে।




দৈনিক 'এই যুগ' সংবাদপত্রে নিজস্ব ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9062867921

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।